

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫৮৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬১ ইমামতির অধিক যোগ্য কে?

باب مَنْ أَحَقُّ بِالإِمَامَةِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ، ح وَحَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا مَسْلَمَةُ بْنُ مُحَمَّدٍ، _ الْمَعْنَى وَاحِدٌ _ عَنْ خَالِدٍ، عَنْ أَبِي قِلَابَةَ، عَنْ مَالِكِ بْنِ الْحُويْرِثِ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ لَهُ أَوْ لِصَاحِبٍ لَهُ " إِذَا حَضَرَتِ الصَّلَاةُ فَأَذَّنِا ثُمَّ أَقِيمَا ثُمَّ لْيَوُمَّكُمَا أَكْبَرُكُمَا سِنَّا " سِنَّا "

_ صحیح : ق

বাংলা

৫৮৯। মালিক ইবনুল হুয়াইরিস (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে অথবা তার সাথীকে বললেনঃ সালাতের সময় হলে তোমরা আযান ও ইকামাত(ইকামত/একামত) দিবে। তারপর তোমাদের মধ্যকার বয়োজ্যেষ্ঠ ব্যক্তি ইমামতি করবে।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

وَفِي حَدِيثِ مَسْلَمَةَ قَالَ وَكُنَّا يَوْمَئِذٍ مُتَقَارِبَيْنِ فِي الْعِلْمِ .

_ هَذَا مُدْرَجٌ .

মাসলামাহর হাদীসে রয়েছেঃ ঐ সময় আমরা 'ইলমের দিক থেকে প্রায় সমান ছিলাম।

এটি মুদরাজ।

وَقَالَ فِي حَدِيثِ إِسْمَاعِيلَ قَالَ خَالِدٌ قُلْتُ لأَبِي قِلاَبَةَ فَأَيْنَ الْقُرْآنُ قَالَ إِنَّهُمَا كَانَا مُتَقَارِبَيْنِ.



_ هَذَا مُرْسَل.

ইসমাঈলের হাদীসে রয়েছেঃ খালিদ বলেন, আমি আবূ কিলাবাহকে জিজ্ঞেস করলাম, এখানে কুরআন সম্পর্কে অধিক পারদর্শী হওয়ার কথা বলা হলো না কেন? তিনি বললেন, তারা উভয়েই এ দিক থেকে প্রায় সমমানের ছিলেন।

এটি মুরসাল।

English

Malik b. al-Huwairith said that the Prophet(may peace be upon him) told him or some of his companions:

When the time of prayer comes, call the Adhan, then call the iqamah, then the one who is oldest of you should act as your imam.

The version narrated by Maslamah goes : He said: On that day we were almost equal in knowledge.

The version narrated by Isma'il says: Khalid said: I said to Abu Qilabah: where is the Qur'an(i.e. why did the Prophet() not say: The one who knows the Qur'an most should act as imam)? He replied: Both of them were equal in the knowledge of the Qur'an.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ আযান, অনুঃ সফরে যেন এক মুয়াজ্জিন আযান দেয়, হাঃ ৬২৮). মুসলিম (অধ্যায়ঃ মাসাজিদ, অনুঃ কে ইমাম হওয়ার অধিক হারুদার), আবৃ রিংলাবাহ সূত্রে।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ মালিক ইবনু হুয়াইরিস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন